

## নৌপরিবহন প্রতিমন্ত্রীর সাথে সাক্ষাত

নৌপরিবহনসহ অন্যান্য সেক্টরে বিনিয়োগের বিষয়ে আমেরিকার এক্সিম ব্যাংকের আত্ম প্রকাশ


ওয়াশিংটন (যুক্তরাষ্ট্র) ৩ আগস্ট ২০২২;

আমেরিকার এক্সিপোর্ট ইমপোর্ট (এক্সিম) ব্যাংক কর্তৃপক্ষ বাংলাদেশে নৌপরিবহনসহ অন্যান্য সেক্টরে বিনিয়োগের বিষয়ে গভীর আত্ম প্রকাশ করেছে।

এক্সিম ব্যাংক এর প্রেসিডেন্ট এবং চেয়ারম্যান, এক্সিম বোর্ড অব ডিরেক্টরস মিস রেটা জো লুইস (Reta Jo Lewis) গতকাল (২ আগস্ট) নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপির সাথে এক্সিম ব্যাংকে সাক্ষাতকালে এ আত্মহের কথা ব্যক্ত করেন।

এক্সিম ব্যাংক এর আমন্ত্রণে প্রতিমন্ত্রী ব্যাংকে সফর করেন। এক্সিম ব্যাংক এর প্রেসিডেন্ট প্রতিমন্ত্রীকে স্বাগত জানান। পরে দু'পক্ষ মতবিনিময় সভায় মিলিত হয়। এক্সিম ব্যাংকের পক্ষে প্রেসিডেন্টের সাথে ভাইস প্রেসিডেন্টগণ এবং বাংলাদেশের পক্ষে প্রতিমন্ত্রীর সাথে বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর গোলাম সাদেক, ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের ইকোনোমিক মিনিস্টার, মন্ত্রণালয়ের উপসচিব মোস্তফা কামাল ও মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার, আয়োজক প্রতিষ্ঠান ইউএস ট্রেড এন্ড ডেভেলোপমেন্ট এজেন্সী (ইউএসটিডিএ)র দক্ষিণ এশিয়ার রিপ্রেজেন্টেটিভ মিস মেহনাজ আনসারীসহ বিআইডব্লিউটিএ এর কর্মকর্তাগণ যোগদান করেন।

উল্লেখ্য, নৌপরিবহন প্রতিমন্ত্রী ইউএসটিডিএ'র আমন্ত্রণে এবং ইউএসটিডিএ আয়োজিত 'বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটারওয়েজ ম্যানেজমেন্ট রিভার্স (REVERSE) ট্রেড মিশনে' অংশ নিতে ইউএস সফর করছেন।

  
মো. জাহাঙ্গীর আলম খান  
সিনিয়র তথ্য অফিসার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
০১৭১১-৪২৫৩৬৪